COMPILED AND CIRCULATED BY PROF ANUSTUP CHATTOPADHAYAYA,ASSISTANT PROFESSOR, DEPARTMENT OF SANSKRIT, NARAJOLE RAJ COLLEGE

"বচুলাল অবস্থী" "জ্ঞান"

আচার্য বচুলাল অবস্থীর জন্ম 8th Aug- 1918-এ উত্তর প্রদেশের বহরাইচ জেলার ফরুহাঘাট গ্রামে হয়েছিল। পিতা শ্রী বদরীনাথ অবস্থী। আচার্য অবস্থীর প্রারম্ভিক শিক্ষা উর্দু ভাষায় হয়। পরবর্তীকালে 1933-এ বসন্তপঞ্চমীর দিন ইনি সংস্কৃত ভাষার শিক্ষা প্রারম্ভ করেন। সন্- 1936- "প্রথমা", 1941 "মধ্যমা" 1944-এ "শাস্ত্রী" করার পর ব্যাকরণ বিষয়ে 1947-এ "আচার্য্য" পাশ করেন। লখনউ বি. বিদ্যালয় থেকে দর্শনশাস্ত্র এবং সাহিত্যে "আচার্য্য" করার পর আগরা বিশ্ববিদ্যালয় থেকে 1953-এ সংস্কৃত, এবং 1956-এ হিন্দী তে M.A করেন। এবং 1963 তে Ph.d উপাধি লাভ করেন। তারপর বিভিন্ন কলেজ, বিশ্ববিদ্যালয়ে অধ্যাপন করানোর পর সাগর বিশ্ববিদ্যালয় এ হিন্দী বিভাগে অধ্যাপক রূপে নিযুক্ত হন। এবং সেখান থেকেই সেবানিবৃত্ত হন। এনার প্রমুখ রচনা — "প্রতানিনী", "পানিনীয় শিক্ষায়া: ত্রিনেত্রভাষ্যম্" "ভারতীয় দর্শনেষু কর্মবাদ:" "কালিদাসস্য সমাম সাহসী", ইত্যাদি। আচার্য্য অবস্থীর রচিত "ক এতে" এক উৎকৃষ্ট গজল গীতি। এই গজলের মাধ্যমে কবি সমাজের সেই কুটিল, ধূর্ত, লোকেদের কে উল্লেখ করেছেন, যাদের খাওয়ার দাঁত আলাদা এবং দেখানোর দাঁত আলাদা। এদের হৃদয় কালো, কিন্তু সমাজের চোখে ভাল মানুষ সাজার অভিনয় করে থাকেন। এরকমই কুটিল, ধূর্ত, এবং স্বার্থান্বেষী মানুষের থেকে সচেতন হওয়ার জন্য কবীর এই কবিতার সৃষ্টি — "ক এতে" "क एते"।

Scanned with CamScanner

"क एते" (আ০ বচ্ছুলাল অবস্থী)

१- नम्रन्तः सहैवोन्नमन्तः क एते। तुलादण्डचारं चरन्तः क एते॥
সমাজে যারা কুটিল, ধূর্ত, ব্যবসার পাল্লায় চুরি করে, তারাই ভালোমানুষের অভিনয় করতে-করতে অভিনেতার মত হঠাৎ উঁচু করে নমস্কার করে। তাই কবি এখানে বলছেন যে তারা কে?

२- अयोवर्मणाऽऽत्मानमावृत्य सर्वम्। अयस्कान्तकूपे क्षिपन्तः क एते॥
নিজেকে লৌহ নির্মিত কবচ দ্বারা আচ্ছাদিত করে চুম্বকযুক্ত কুঁয়ো তে সোনা-রূপার মত বহুমূল্য ধাতু (আভূষণ) কে নিক্ষেপ করে, (সোনা চুরি করে) সে কে?

३- स्वपन्तं मृगेन्द्रं हुडुक्कानिनादैः। निरातङ्कमातङ्कयन्तः क एते॥
ভয়মুক্ত সুপ্ত সিংহ কে ঢাক-ঢোলের আওয়াজ ভয়ভীত করে তোলে কে?

४- प्रदीपस्य निर्वापणाय प्रयुक्ताः। पतङ्गाः समन्तात् पतन्तः क एते॥
প্রদীপ কে নিভানোর জন্য যে শতশত পুরো প্রদীপের চারপাশে পড়ে আছে, সে কে? অর্থাৎ যারা সমাজকে আলোকিত করে তাদের বিনাশের কথা ভাবে, তারা কে?

५- विहाय प्रसूनानि कल्पद्रुमाणाम्। मुदा शल्यतल्पं वृणन्तः क एते॥
কল্পবৃক্ষের ফুল, অর্থাৎ অনায়াসে লব্ধ বস্তুকে ত্যাগ করে, শাঁসিযুক্ত কণ্টকযুক্ত শয্যার অনুসরণ যারা করে, তারা কে?

६- हतं रक्तबीजं पुराणेषु शृण्मः। रणे भद्रकालीं छलन्तः क एते॥
পুরাণাদিতে রক্তবীজের বধের কাহিনী শুনেছি। যুদ্ধে ভদ্রকালীকে ছলনা করে, সে কে?

७- सदाचारवादान् समे शिक्षिताश्चेत्। अवज्ञानि कर्णे क्वणन्तः क एते॥
সদাচার বাদীদের সমান উপদেশ প্রদানকারী ব্যক্তির নিকটে অশুভ, অনিষ্ট, অসামাজিক শব্দ শ্রবণ করেন? তারা কারা?

Scanned with CamScanner

८- ऋते मत् तव प्रीतिपात्रं न कश्चित्। गले बाहुमावेष्टयन्तः क एते।
তোমার প্রেম-ভালবাসা ছাড়া আর কিছু নেই, এই কথা বলে গলায় বাহু-মালা পড়িয়ে দিল, সে কে? যার হৃদয়ে প্রেমের লেশমাত্র অবশিষ্ট নেই।

९- स्वयं न्यायपीठे प्रभुत्वं गृहीत्वा। परस्वे स्वतां निर्णयन्तः क एते॥
নিজে ন্যায়াধীশের আসনে বসে, অপরের প্রতি স্বার্থপরায়ণ হয়ে নির্ণয় নেয় যে, সে কে?

१०- परेषां कृते वारुणीं वर्जयन्तः। सुराभाजनं शोषयन्तः क एते॥
অন্যদের মদিরাপান (মদ-সেবন) থেকে বিরত বলে, নিজে যে মদ্যপান করে, সে কে?

११- महत्वं मदीयं मिषाद् वर्णयन्तः। मुखं तेऽत्र निर्वर्णयन्तः क एते॥
অন্যের প্রশংসা করতে যে কুণ্ঠিত বোধ করে, এবং নিজের প্রশংসা সর্বদা করে থাকে, সে কে?

१२- अये नन्दनं निर्विशन्तो ब्रुवीध्वम्।
पथः पार्श्वयोः संविशन्तः क एते॥
"কত সুন্দর এই পুষ্প-বাটিকা" (উদ্যান) এই কথা বলে, রাস্তার পাশে অশালীন ভঙ্গিমায় প্রেমালাপ, যারা করে, তারা কে?

কবি "অবন্তী" সমাজের বিভিন্ন প্রেক্ষাপটকে নিজের কাব্যিক-ভঙ্গিমায় এভাবেই প্রকাশ করেছেন নিজের "ক এতে" এই কবিতায়।

"ক এতে" → এ কে?, সে কে, অথবা "তারা কারা" এই তাৎপর্য্য।

Scanned with CamScanner

"क्व यातास्ते" "क्व यातास्ते"

"क्व यातास्ते" নামক গজল-গীতি কাব্যে কবি "অবস্থী জী" আজকের সমাজের নারী দের স্বভাব, বেশ-ভূষা, এবং আধুনিকীকরণের প্রতি যা সামাজিক পরিবর্তন ঘটছে, তার প্রতি এই গজল কাব্য উল্লেখ করেছেন।

१- दृशोरावर्जकाः कल्याणि संभाराः क्व यातास्ते।
हृदि स्फूर्जा वितन्वाना अलंकाराः क्व यातास्ते॥

আনন্দপ্রদায়িনী, কল্যানকারী নয়নযুগলের সুষমা-রূপী ধন কোথায় গেল? হৃদয় উদ্দালক (স্ফূর্তি) সঞ্চারকারী সেই অলংকার কোথায় চলে গেল?

२- इयं वात्सल्यभूमिर्दिव्यभूमिर्वा भवेत् कामम्।
अभिष्वङ्गा अनङ्गस्य प्रतीहाराः क्व यातास्ते॥

এটা বাৎসল্যভূমি? না কী দিব্যভূমি? কামদেব কেও পরাজিত করার ক্ষমতাধারী অথবা কামনা-বাসনাদিকে ত্যাগকারিনী সেই প্রতিহার কোথায়?

३- प्रपञ्चो वञ्चना विष्वग् वणिज्या काकिणी-नीतिः।
अमीभिर्मुक्तसारा अङ्ग शृङ्गाराः क्व यातास्ते॥

ছল-প্রপঞ্চ, লোকদেখানো, ঠগ, ব্যবসায় দুর্নীতি পরায়ণ-ইত্যাদির থেকে বিরত সেই কর্মযোগী (যার কর্ম-ই শৃঙ্গার) কোথায় চলে গেল?

४- जगज्जालैरुताहो इन्द्रजालैर्येऽनुबध्नीयुः।
नमद्भ्रूपक्ष्मभारा दृष्टिसंचाराः क्व यातास्ते॥

জগতের মোহ-মায়াতে আবদ্ধ হয়ে নয়ন-যুগলকে নীচু করে আড়-চোখে মৃদু নয়নে তাকানো, এরকম ধূর্ত-কপটী আচরণ থেকে যারা (নারীরা) বিরত ছিল, তারা কোথায় গেল?

Scanned with CamScanner

५- शिरो वक्षोजयोराधाय मे केशेषु साकूतम् ।
स्मितैर्विद्योतमाना अङ्गुलीचाराः क्व यातास्ते ॥

মস্তক, বক্ষঃস্থল, আর নিজের লম্বা কেশের প্রতি অনুরাগ স্থাপিত করে মধুর (স্মিত) হাসির দ্বারা অপর কে নিজের বশে করে স্বার্থসিদ্ধি যে নারীরা করে থাকে, সেই স্বভাব থেকে বিরত অন্য নারী সমুদায় কোথায়?

६- अलं हीणा हणीया लीयते वीणाक्वणे येषाम् ।
प्रतीषेधोत्तरा वाचां परिष्काराः क्व यातास्ते ॥

বেসুরো বীণাবাদন বা বেসুরো (অস্পষ্ট) গান শোনার পর, থাক্-থাক্ (অলম্) এই উক্তিতে যারা গান না থামিয়ে আরও উচ্চস্বরে আলাপ সাধে, এরকম কর্ম থেকে বিরত ব্যক্তিবর্গ কোথায়?

७- निमेषोन्मेषलीला नेत्रयोर्दन्तच्छदे स्पन्दः ।
निचोले वेपथुः सर्वे वशीकाराः क्व यातास्ते ॥

প্রিয়সখীর দাঁত পড়ে যাওয়ার পর তার অবগুণ্ঠন (ঘোমটা) উঠিয়ে সেই দৃশ্য দেখার পর প্রেমাতুর সেই ব্যক্তি অকস্মাৎ তার মুখের দিকে তাকিয়ে নিজেকে মানিয়ে নেয়, সেরকম জিতেন্দ্রিয় পুরুষ কোথায়?

८- चटुव्यवहारसौभाग्यं प्रतीषत् सप्रतीकाराः ।
प्रतीपं कुणितापाङ्गाश्चमत्काराः क्व यातास्ते ॥

চাটুকার ব্যক্তি সজ্জনব্যক্তির (বিদ্বান্ ব্যক্তির) কৃপাদৃষ্টি পাওয়ার জন্য তার নিকট বিশ্বাসপাত্র হয়ে, নিজের পাণ্ডিত্যের খুব ঢাক-ঢোল পেটায়। সমাজে বড় পদ, মর্যাদা, পুরস্কার সম্মান লাভ করে। এর বিপরীত সজ্জন বিদ্বান্ পুরুষ কাব্য রচনা করেও সেই পদ, সম্মান পাননা। তাই কবি এখানে বলতে চেয়েছেন যে এরকম বিদ্বান্ পুরুষ, পদ-সম্মানের দাবীদার কোথায় চলে গেল?

Scanned with CamScanner